

ইউজিসির নয়া চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান

আজাদ চৌধুরীর শেষ কর্মদিবস আজ
যুগান্তর রিপোর্ট

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. একে আজাদ চৌধুরীর আজ শেষ কর্মদিবস। তার স্থলে নয়া চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক আবদুল মান্নান।

শিক্ষা মন্ত্রণালয়ের পায়িত্ত্বশীল সূত্র জানিয়েছে, অধ্যাপক মান্নানের নিয়োগের বিষয়টি চূড়ান্ত হয়েছে। এ বিষয়ে সরকারের উর্ধ্বতন পর্যায়ের ইতিবাচক সার্বভূমিলেছে। জানা গেছে, বুধবার শিক্ষা মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত তার নিয়োগাদেশ জারি করেছে। আজ তিনি চেয়ারম্যান হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন।

অধ্যাপক একে আজাদ চৌধুরী ২০১১ সালের ৮ মে এ পদে যোগদান করেছিলেন। আওয়ামী লীগের উপদেষ্টামণ্ডলীর সদস্য এ শিক্ষাবিদ ৪ বছরের জন্য নিয়োগ পান। তিনি দায়িত্বে থাকাকালে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম নিয়ে নানা প্রশ্ন ওঠে।